গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : রেজওয়ানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ০৮ জুলাই, ২০২৪ সময়: দুপুর ৩.৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, ২য় তলা হাজিরা: পরিশিষ্ট – ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা , প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহবান জানান । প্রকল্প কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বর্ণনা শেষে বিগত তিন মাসের অগ্রগতি এবং পরবর্তী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বর্ণনা, বিগত তিন মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজ স্থাপন | প্রকল্পের ল্যান্ড গেজ স্থাপনের সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করা হয় এবং প্রকল্প শেষে ল্যান্ড গেজসমূহের রক্ষণাবেক্ষণের দায়িত্ব হস্তান্তরের বিষয়ে সভায় আলোচনা হয়। | দ্রুততম সময়ে ল্যান্ড গেজ স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে এবং প্রকল্পের মেয়াদকাল শেষে ল্যান্ডগেজ সমূহের রক্ষণাবেক্ষনের দায়িত্ব বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিকট হস্তান্তর করতে হবে। | রিজিওনাল কো-অর্ডিনেটর, ফিল্ড ফ্যাসিলিটেটর (কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর) ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৩। | বন্যা আশ্রয়কেন্দ্রের স্থানিক মানচিত্র | প্রভাতী প্রকল্প বহির্ভূত এলাকার আশ্রয়কেন্দ্রের তথ্য সংগ্রহ এবং সেই সাথে তিন জেলার সকল আশ্রয়কেন্দ্রের তথ্য সভায় উপস্থাপন করা হয়। | সংগৃহীত আশ্রয়কেন্দ্রের তথ্য সংরক্ষণ ও সিদ্ধান্ত গ্রহণে এর ব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফিল্ড ফ্যাসিলিটেটর (কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর), জিআইএস স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৪। | ভয়েস মেসেজ পোর্টাল | বন্যা মৌসুমে ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কবার্তা প্রচারের জন্য সিস্টেম ডেভেলপমেন্ট ও সিস্টেম টেকসইকরণে উপযুক্ত VOIP সার্ভিস প্রোভাইডার নির্বাচনের বিষয়ে আলোচনা হয়। | বিটিসিএল এবং টেলিটকের সাথে পরবর্তী সভায় ১০৯০ কে শর্ট কোড হিসেবে ব্যবহারের জন্য প্রস্তাব করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিষ্ট |

| ক্র .নং. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫। | স্বেচ্ছাসেবক দল গঠন ও প্রশিক্ষণ কার্যক্রম | প্রকল্প এলাকায় আগাম সতর্কবার্তা প্রচারের জন্য স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ কার্যক্রম ও প্রভাতী প্রকল্পের LCS সদস্যদের স্বেচ্ছাসেবক হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। | LGED হতে LCS সদস্যদের তালিকা নিয়ে তাদের মধ্য থেকে স্বেচ্ছাসেবক হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে এবং আগস্ট মাসের শুরুতে স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। | রিজিওনাল কো-অর্ডিনেটর, কমিউনিকেশন অফিসার ও প্রোগ্রাম ম্যানেজার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৫৯ - বা

তারিখ: ১৮-০৭-২০২৪ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। অফিস কপি/গার্ড ফাইল।

১৮/৭/২০২৪
(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)